গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩ শাখা
shed.gov.bd

তারিখ: ২০ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
০৫ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.০৭৪.০২.০০০৩.২০.২৬১

বিষয়: **বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক কর্মচারীদের বাড়ী ভাড়া ভাতা শতকরা হারে প্রদানসহ অন্যান্য ভাতাদি বৃদ্ধি সংক্রান্ত।**

সূত্র: মাউশি অধিদপ্তরের পত্র নং-৩৭.০২.০০০০.১১৪.২০.২৩০.২১.৫৮৭, তারিখ: ০৪/০৯/২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর আওতায় এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীগণ বর্তমানে উৎসব ভাতা বাবদ মূল বেতনের ৫০ শতাংশ, মেডিকেল ভাতা বাবদ মাসিক ৫০০ টাকা ও বাড়ি ভাড়া বাবদ মাসিক ১,০০০ টাকা হারে পাচ্ছেন।

০২। উল্লেখ্য যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের কর্মচারীগণের উৎসর ভাতা ৫০ শতাংশ থেকে ৭৫ শতাংশে উন্নীত করা, শিক্ষক-কর্মচারীগণের মেডিকেল ভাতা ৫০০ টাকা হতে ১,০০০ টাকায় এবং বাড়ি ভাড়া ১,০০০ থেকে ২,০০০ টাকায় উন্নীত করার অনুরোধ জানিয়ে শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপদেষ্টা মহোদয় একটি আধাসরকারি পত্র অর্থ বিভাগে প্রেরণ করেছেন (সংযুক্ত- ১)।

০৩। বর্তমানে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণ বাড়িভাড়া ভাতা নির্দিষ্ট পরিমাণের পরিবর্তে মূল বেতনের শতাংশ হারে নির্ধারণপূর্বক মূল বেতনের অন্তত ২০ শতাংশ হারে বাড়ি ভাতা প্রদানের জন্য আবেদন করেছেন (সংযুক্ত- ২)। তাদের আবেদনের প্রেক্ষিতে মূল বেতনের শতাংশ হারে বাড়ি ভাড়া ভাতা প্রদানের ক্ষেত্রে সম্ভাব্য আর্থিক সংশ্লেষ এর প্রাক্কলন নিম্নরূপ:

**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর**

**(অংশসমূহ কোটি টাকায়)**

| প্রাতিষ্ঠানিক কোড ও প্রতিষ্ঠানের নাম | এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের বাড়ি ভাড়া শতকরা হারে প্রদানে আর্থিক সংশ্লেষ | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | বর্তমানে বাড়ি ভাড়া ভাতার ব্যয় | | মূল বেতনের ২০% হারে (নূন্যতম ৩০০০/-) | | মূল বেতনের ১৫% হারে (নূন্যতম ২০০০/-) | | মূল বেতনের ১০% হারে (নূন্যতম ২০০০/-) | | মূল বেতনের ৫% হারে (নূন্যতম ২০০০/-) | |
| | মাসিক | বাৎসরিক | মাসিক | বাৎসরিক | মাসিক | বাৎসরিক | মাসিক | বাৎসরিক | মাসিক | বাৎসরিক |
| ১২৫০২০১-১২০০০১ ৫০৪-বেসরকারি বিদ্যালয়সমূহ | ২৯.৭৯ | ৩৫৭.৪৩ | ১৩৭.১৪ | ১৬৪৫.৬৫ | ১০০.৫৭ | ১২০৬.৮৩ | ৭৪.১২ | ৮৮৯.৪৯ | ৬১.৪৩ | ৭৩৭.১৬ |
| ১২৫০২০১-১২০০০১ ৫০৫- বেসরকারি মহাবিদ্যালয়সমূহ | ৯.৩৪ | ১১২.০৯ | ৫৮.৮৬ | ৭০৬.৩০ | ৪৩.৪০ | ৫২০.৮৪ | ৩১.২৩ | ৩৭৪.৭৪ | ১৯.৮৭ | ২৩৮.৪৪ |
| সর্বমোট | ৩৯.১৩ | ৪৬৯.৫২ | ১৯৬.০০ | ২৩৫১.৯৫ | ১৪৩.৯৭ | ১৭২৭ | ১০৫.৩৫ | ১২৬৪.২৩ | ৮১.৩০ | ৯৭৫.৬০ |

**মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর**

**(অংকসমূহ কোটি টাকায়)**

| | ৫% | | ১০% | | ১৫% | | ২০% | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | মাসিক | বাৎসরিক | মাসিক | বাৎসরিক | মাসিক | বাৎসরিক | মাসিক | বাৎসরিক |
| মূলবেতন | ৪১৮ | ৪৫০১৬ | ৪১৮ | ৫০১৬ | ৪১৮ | ৫০১৬ | ৪১৮ | ৫০১৬ |
| বাড়ীভাড়া | ৪৬.৩ | ৫৫৫.৬ | ৫৩.৮ | ৬৪৫.৬ | ৬৮.৭ | ৮২৪.৪ | ৯৩.৬ | ১১২৩.২ |
| সর্বমোট | ৪৬৪.৩ | ৫৫৭১.৬ | ৪৭১.৮ | ৫৬৬১.৬ | ৪৮৬.৭ | ৫৮৪০.৪ | ৫১১.৬ | ৬১৩৯.২ |
| অতিরিক্ত অর্থ | ২৮.৩ | ৩৩৯.৬ | ৩৫.৮ | ৪২৯.৬ | ৫০.৭ | ৬০৮.৪ | ৭৫.৬ | ৯০৭.২ |

**কারিগরি শিক্ষা অধিদপ্তর**

**(অংকসমূহ কোটি টাকায়)**

| শিক্ষাক্রম স্তর সময় | মূল বেতন (বেতন সহায়তা-৩৬ ৩১১০১) | বর্তমানে ব্যয় | | মূল বেতনের ২০% হারে (নূন্যতম ৩০০০/- টাকা) | | মূল বেতনের ১৫% হারে (নূন্যতম ২০০০/- টাকা) | | মূল বেতনের ১০% হারে (নূন্যতম ২০০০/- টাকা) | | মূল বেতনের 5% হারে (নূন্যতম ২০০০/- টাকা) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মাসিক | বাৎসরিক | মাসিক | বাৎসরিক | মাসিক | বাৎসরিক | মাসিক | বাৎসরিক | মাসিক | বাৎসরিক |
| ১২০০০১৫০৬-বেসরকারি কারিগরি মহাবিদ্যালয় সমূহ (বিজনেস ম্যানেজমেন্ট) | ৩১.২৬ | ১.১৫ | ১৩.৭৫ | ৬.৪৫ | ৭৭.৩৪ | ৪.৭৬ | ৫৭.০৭ | ৩.৪৪ | ৪১.২৫ | ২.৩৯ | ২৮.৬৬ |
| ১২০০০১৫০৭-বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় সমূহ (এসএসসি-ভোকেশনাল) | ৪.৮৫ | ০.২২ | ২.৬৩ | ১.০০ | ১২.০০ | ০.৭৩ | ৮.৮১ | ০.৫৪ | ৬.৫১ | ০.৪৪ | ৫.২৭ |
| ১২০০০১৫১১-বেসরকারি মাদ্রাসা সমূহ (ভোকেশনাল ও বিজনেস ম্যানেজমেন্ট) | ২০.৯৯ | ০.৯৪ | ১১.৩১ | ৪.৩১ | ৫১.৭৪ | ৩.১৭ | ৩৭.৯৮ | ২.৩৪ | ২৮.০৪ | ১.৮৯ | ২২.৬৩ |
| সর্ব মোট | ৫৭.১০ | ২.৩১ | ২৭.৬৯ | ১১.৭৬ | ১৪১.০৯ | ৮.৬৬ | ১০৩.৮৬ | ৬.৩২ | ৭৫.৮১ | ৪.৭১ | ৫৬.৫৬ |

০৩। বর্ণিত অবস্থায়, বিবেচ্য বিষয়ে শিক্ষা উপদেষ্টা মহোদয় কর্তৃক পূর্বে প্রেরিত আধাসরকারি পত্রের ধারাবাহিকতায় এমপিওভুক্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীগণের জন্য নির্ধারিত পরিমাণ বাড়ি ভাড়ার পরিবর্তে শতকরা ২০% (নূন্যতম ৩০০০/-) হারে মোট (২৩৫১.৯৫+৯০৭.২ +১৪১.০৯)=৩৪০০.২৪ কোটি, শতকরা ১৫% (নূন্যতম ২০০০/-) হারে মোট (১৭২৭.০+৬০৮.৪+১০৩.৮৬)=২৪৩৯.২৬ কোটি, ১০% (নূন্যতম ২০০০/-) হারে মোট (১২৬৪.২৩+৪২৯.৬+৭৫.৮১)= ১৭৬৯.৬৪ এবং ৫% (নূন্যতম ২০০০/-) হারে মোট (৯৭৫.৬০+৩৩৯.৬+৫৬.৫৬)=১৩৭১.৭৬ কোটি টাকার বাড়ি ভাড়ার প্রাক্কলনটি সরকারের সামর্থ্যের আলোকে মূল বেতনের শতাংশ হিসেবে যথোপযুক্ত হারে বাড়ি ভাড়া প্রদানের আবেদন বিবেচনার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। একই সাথে গত ০৭/৮/২০২৫ তারিখে শিক্ষা উপদেষ্টা মহোদয় কর্তৃক লিখিত আধাসরকারি পত্রে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের কর্মচারীদেরকে উৎসব ভাতা ৫০ থেকে ৭৫ শতাংশে উন্নীত করার এবং শিক্ষক-কর্মচারীগণের চিকিৎসা ভাতা ৫০০/- থেকে ১০০০/- টাকায় উন্নীতকরণের প্রস্তাব বিবেচনার জন্যও অনুরোধ করা হলো।

০৫-১০-২০২৫
সাইয়েদ এ.জেড. মোরশেদ আলী
উপসচিব
৯৫৪০৫১৭
nongovt.secondary.sec3@shed.gov.bd

সচিব
অর্থ বিভাগ, অথ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.০৭৪.০২.০০০৩.২০.২৬১/১(২)

তারিখ: ২০ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
০৫ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
২। সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।